

## অফিস অব দ্য ট্যাক্সপেয়ার রাইটস অ্যাডভোকেট

ট্যাক্স ডিপার্টমেন্টের প্রচলিত পন্থার মাধ্যমে ট্যাক্স বিষয়ক সমস্যার সমাধান করতে অসুবিধার সম্মুখীন হচ্ছেন?

বলপ্রয়োগকারী প্রচেষ্টার বিপরীতে করদাতাদের জন্য সহযোগিতার ভারসাম্য বজায় রেখে নিউ ইয়র্ক স্টেটের করদাতাদের সহায়তা করতে ডিপার্টমেন্টের একটি স্বাধীন অফিস হিসেবে কাজ করতে অফিস অব দ্য ট্যাক্সপেয়ার রাইটস অ্যাডভোকেট বদ্ধপরিকর। আমরা আপনার কথা শুনব, আপনার সমস্যা বা উদ্বেগ সম্পর্কে জানব এবং সেগুলো সমাধানে আপনার সাথে কাজ করব।

সবচেয়ে মন্দ যে কাজটি আপনি করতে পারেন তা হল আপনার ট্যাক্স বিল বা ট্যাক্স ঋণ উপেক্ষা করা; এ বিষয়ে সাহায্যের জন্য অফিসে আবেদনের ব্যাপারে বিবেচনা করুন।

## ট্যাক্সপেয়ার রাইটস অ্যাডভোকেটের সাথে যোগাযোগ:

- আমাদের ওয়েবসাইট ভিজিট করুন এই ঠিকানায় **www.tax.ny.gov/tra**
- কল করুন এই নম্বরে 518-530-HELP

## আয়করের কাগজপত্র প্রস্তুতকারীকে নিয়োগ দেওয়ার পূর্বে আপনার অধিকার সম্পর্কে জানুন

অধিকাংশ আয়করের কাগজপত্র প্রস্তুতকারী আইনের মধ্যে থেকে কাজ করেন এবং তাদের গ্রাহকদের সাথে নিরপেক্ষ আচরণ করেন। কিন্তু এমন কয়েকজন ব্যক্তি রয়েছেন যারা এটি অনুসরণ করেন না।

আয়করের কাগজপত্র প্রস্তুতকারীকে নিয়োগ দেওয়ার পূর্বে নিজেকে কীভাবে সুরক্ষিত রাখবেন সে সম্পর্কে আপনি এই ব্রশিউরে গুরুত্বপূর্ণ তথ্য পাবেন।

## আয়করের কাগজপত্র প্রস্তুতকারীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করা:

- আমাদের ওয়েবসাইট ভিজিট করুন (অনুসন্ধান করুন: অভিযোগ লিখে)
- কল করুন এই নম্বরে 518-530-HELP

আপনার আয়করের কাগজপত্র প্রস্তুতকারী যদি নিউ ইয়র্কে অবস্থান করেন তবে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব কনজিউমার অ্যাফেয়ার্সে যোগাযোগ করুন এই নম্বরে কল করে:

- 311 (নিউ ইয়র্ক সিটি থেকে); অথবা
- 212-NEW-YORK (নিউ ইয়র্ক সিটির বাইরে থেকে)।

518-457-0578 নম্বরে কল করে আপনি কর ফাঁকি এবং অনলাইন জালিয়াতি সম্পর্কে জানাতে পারেন। প্রদত্ত তথ্য গোপন রাখা হবে। এ ধরনের অবৈধ কার্যকলাপ ট্যাক্স ডিপার্টমেন্ট গুরুত্বের সাথে গ্রহণ করে, প্রতিটি অভিযোগ দ্রুততার সাথে পর্যালোচনা করে এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করে।

NEW YORK STATE | ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্স (Department of Taxation and Finance)

**www.tax.ny.gov**

**518-457-5181**

**Pub-135** (12/16)

NEW YORK STATE | ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন অ্যান্ড ফিন্যান্স (Department of Taxation and Finance)

# কনজিউমার বিল অব রাইটস / ভোক্তা অধিকার আইন

### আয়করের কাগজপত্র প্রস্তুতকারী প্রসঙ্গে



## আয়করের কাগজপত্র প্রস্তুতকারীকে নিয়োগ দেওয়ার পূর্বে:

- সব ধরনের ফির একটি আনুমানিক হিসাব লিখিত আকারে দিতে বলুন;
- যোগ্যতা সম্পর্কে জিজ্ঞাসা করুন;
- প্রস্তুতকারী আপনার আয়করের রিটার্নের কাগজপত্র ই-ফাইল করবে কি না তা জিজ্ঞাসা করুন; এবং
- আপনার কাগজপত্রের অডিট চলাকালে প্রস্তুতকারী আপনার প্রতিনিধিত্ব করবে কি না তা জিজ্ঞাসা করুন।

## আয়করের কাগজপত্র প্রস্তুতকারীকে নিচের কাজগুলো করা কখনোই উচিত নয়:

আপনার উপর নির্ভরশীল ব্যক্তি, শিশু যত্নের খরচ অথবা টিউশন খরচের তথ্যের মত উপযুক্ত নথি পর্যালোচনার পূর্বে একজন প্রস্তুতকারী কখনোই আপনার রিটার্ন প্রস্তুত করবে না।

আয়করের কাগজপত্র প্রস্তুতকারী আপনাকে যা স্বাক্ষর করতে কখনোই বলবে না:

- একটি অলিখিত আয়কর রিটার্নের কাগজ;
- একটি অসম্পূর্ণ আয়কর রিটার্নের কাগজ;
- মিথ্যা তথ্যযুক্ত আয়কর রিটার্নের কাগজ; অথবা
- আপনি বুঝতে পারেন না এমন তথ্যযুক্ত আয়কর রিটার্নের কাগজ।

আপনার নিউ ইয়র্ক রিটার্ন অনলাইনে জমা দেওয়ার জন্য একজন প্রস্তুতকারী পৃথক কোন চার্জ করবে না এবং সেই সাথে একজন প্রস্তুতকারী নিম্নোক্ত বিষয়সমূহের নিশ্চয়তা দিবেন না:

- আপনি আয়করের অর্থ ফেরত পাবেন; অথবা
- IRS বা নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ডিপার্টমেন্ট কর্তৃক আপনার কাগজপত্র অডিট করা হবে না।



## যখন আপনার রিটার্ন সম্পন্ন হয়ে যাবে:

- স্বাক্ষর করার পূর্বে আয়কর রিটার্নের সমগ্র অংশ পর্যালোচনা করুন;
- আয়করের কাগজপত্র প্রস্তুতকারী রিটার্নে স্বাক্ষর দিয়েছে কি না তা নিশ্চিত করুন;
- চূড়ান্ত রিটার্নের কপি সহ সকল ধরনের কাগজের কপি আপনার সংগ্রহে রাখুন;
- আয়করের কাগজপত্র প্রস্তুতকারীর ঠিকানা এবং ফোন নম্বর রয়েছে এমন একটি প্রাপ্তিস্বীকারপত্র আপনার সংগ্রহে রাখুন; এবং
- রিটার্নের কাগজপত্রে উল্লিখিত তথ্য আপনি বুঝতে পারেন তা নিশ্চিত করুন।

## রিফান্ড অ্যান্টিসিপেশন লোন (RAL) কী?

RAL হচ্ছে উচ্চ-সুদযুক্ত একটি ঋণ, যেখানে ঋণদাতা সুদ এবং ফি চার্জ করবে যা আপনার আয়করের ফেরতকৃত অর্থের পরিমাণ হ্রাস করবে।

RAL চুক্তিতে জড়িত হওয়ার পূর্বে, আপনার আয়করের কাগজপত্র প্রস্তুতকারী একটি লিখিত বিবৃতি দিবেন যাতে নিচের বিষয়সমূহের ব্যাখ্যা থাকবে:

- ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানের নাম;
- আপনার করের অর্থ ফেরত পাওয়ার জন্য আপনাকে RAL এ অংশগ্রহণ করতে হবে না;
- RAL গ্রহণ করতে হলে আপনাকে যে পরিমাণ ফি এবং সুদ প্রদান করতে হবে; এবং
- RAL গ্রহণ না করলে ফেরতকৃত করের অর্থ এবং কর্তনের পর ফি এবং সুদের পরিমাণ।

ফেরতকৃত অর্থের পরিমাণ হতে ঋণের পরিমাণ বেশি হলেও সমগ্র ঋণের জন্য আপনি দায়বদ্ধ থাকবেন। আপনার আয়করের কাগজপত্র প্রস্তুতকারীকে অবশ্যই তার অনন্য সনাক্তকরণ নম্বরসহ RAL ডিসক্লোজার ফরমে (RAL Disclosure Form) স্বাক্ষর করতে হবে।

আপনি এবং আপনার আয়করের কাগজপত্র প্রস্তুতকারী প্রাথমিকভাবে যে ভাষা ব্যবহার করেন সেই ভাষাতে RAL সম্পর্কিত সকল আলোচনা পরিচালনা করতে হবে।



## রিফান্ড অ্যান্টিসিপেশন চেক (RAC) কী?

RAC হচ্ছে একটি চেক অথবা অর্থ পরিশোধ যা স্টেট অথবা IRS কর্তৃক পরিশোধের পূর্বে অগ্রিমভাবে আপনাকে ফেরতকৃত অর্থ প্রদান করে। আপনার রিটার্নের কাগজে প্রদর্শিত ফেরতকৃত অর্থের পরিমাণ হতে RAC ফি কর্তন করা হয়।

এই ফিতে আয়করের কাগজপত্র প্রস্তুতের জন্য চার্জ এবং RAC এর জন্য একটি ফি অন্তর্ভুক্ত থাকে।

RAC চুক্তিতে জড়িত হওয়ার পূর্বে, আপনার আয়করের কাগজপত্র প্রস্তুতকারী একটি লিখিত বিবৃতি দিবেন যাতে নিচের বিষয়সমূহের ব্যাখ্যা থাকবে:

- আপনার করের অর্থ ফেরত পাওয়ার জন্য আপনাকে RAC এ অংশগ্রহণ করতে হবে না;
- RAC গ্রহণ করতে হলে আপনাকে যে পরিমাণ ফি এবং সুদ প্রদান করতে হবে।

আপনার আয়করের কাগজপত্র প্রস্তুতকারীকে অবশ্যই তার অনন্য শনাক্তকরণ নম্বরসহ RAC ডিসক্লোজার ফরমে (RAC Disclosure Form) স্বাক্ষর করতে হবে।

আপনি এবং আপনার আয়করের কাগজপত্র প্রস্তুতকারী প্রাথমিকভাবে যে ভাষা ব্যবহার করেন সেই ভাষাতে RAC সম্পর্কিত সকল আলোচনা পরিচালনা করতে হবে।